

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)
উপজেলা কার্যালয়, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
brdb.ashuganj.brahmanbaria.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.১২৩৩.১০০.১৬.০১৮.২২. ১৯২

তারিখঃ- ১৬/১১/২০২২ খ্রিঃ।

অটোমোবাইল (কার, মোটরবাইক) সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণ কোর্স

উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় আশুগঞ্জ উপজেলায় আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে অটোমোবাইল (কার, মোটরবাইক) সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণ কোর্সে ১৮-৩৫ বছরের বেকার যুবকদের নিম্নবর্ণিত নিয়মাবলী ও শর্তাবলী অনুসরণপূর্বক আশুগঞ্জ উপজেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্র. নং | প্রশিক্ষণ কোর্সের নাম | শিক্ষাগত যোগ্যতা | কোর্সের মেয়াদ | আবেদন পত্র গ্রহণ ও জমাদানের শেষ তারিখ | সাক্ষাৎকারের তারিখ |
|---------|-------------------------------------|--------------------------|----------------|---------------------------------------|--|
| ০১ | অটোমোবাইল (কার, মোটরবাইক) সার্ভিসিং | ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ | ২৩ দিন | ১৬-১১-২০২২ খ্রিঃ হতে ৩০.১১.২২ খ্রিঃ | ০১.১২.২২ ইং সকাল ১১.০০টা – ০১.০০ টা |

আবেদন ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলী:

- (ক) আবেদনকারীকে অবশ্যই ১৮-৩৫ বছরের বেকার যুবক হতে হবে এবং আশুগঞ্জ উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- (খ) নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। ফর্ম www.ashuganj.brahmanbaria.gov.bd ওয়েব সাইট এর নোটিশ থেকে ডাউনলোড করা যাবে অথবা সংশ্লিষ্ট অফিস থেকেও সংগ্রহ করা যাবে।
- (গ) আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে :
- (১) শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি (২) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (৩) সদ্য তোলা ১ কপি পাসপোর্ট সাইজের ছবি সত্যায়িত। সাক্ষাৎকারের সময় সকল সনদের মূলকপি সাথে আনতে হবে।
- (ঘ) আবেদন পত্র উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া বরাবরে জমা দিতে হবে।
- (ঙ) সাক্ষাৎকারের দিন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয় এ সকাল ১১.০০ ঘটিকার সময় স্ব শরীরে উপস্থিত থাকতে হবে।
- (চ) সাক্ষাৎকারের সময় আবেদনকারীকে কোন প্রাকার টিএ / ডিএ প্রদান করা হবে না।
- (ছ) উপজেলা পরিষদে প্রশিক্ষণ কেন্দ্র করা হবে এবং প্রশিক্ষণের সকল নীতিমালা মেনে চলার মানসিকতা থাকতে হবে।
- (জ) প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতিদিন দুপুরের খাবার ও বিধি মোতাবেক যাতায়াত ভাতা প্রদান করা হবে।



মোঃ ফয়সল আলম
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং: ৪৭.৬২.১২৩৩.১০০.১৬.০১৮.২২.১৯২

তারিখঃ- ১৬/১১/২০২২ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
- ৩। উপপরিচালক, বিআরডিবি, ব্রাহ্মণবাড়িয়া।
- ৪। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
- ৫। ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
- ৬। চেয়ারম্যান (সকল).....ইউনিয়ন পরিষদ, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
- ৭। নোটিশ বোর্ড।
- ৮। অফিস কপি।



উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

ছবি

বরাবর
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)
উপজেলা কার্যালয়, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

বিষয়ঃ বেকার যুবকদের অটোমোবাইল (কার, মোটরবাইক) সার্ভিসিং বিষয়ক ফ্রি প্রশিক্ষণ কোর্স অংশগ্রহণ প্রসঙ্গে।

মহোদয়,

যথাবিহীত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, বিশ্বস্ত সূত্রে জানতে পারলাম যে, আপনার দপ্তরের মাধ্যমে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২৩ দিন মেয়াদী বেকার যুবকদের অটোমোবাইল (কার, মোটরবাইক) সার্ভিসিং বিষয়ক ফ্রি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত প্রশিক্ষণ কোর্সে আমি অংশগ্রহণ করতে আগ্রহী। আপনার সদয় অবগতির জন্য নিম্নে আমার জীবন বৃত্তান্ত প্রদান করলাম।

১. নামঃ
২. পিতার নামঃ.....
৩. মাতার নামঃ.....
৪. ঠিকানাঃ গ্রাম..... ডাকঘর..... ইউনিয়ন.....
উপজেলাঃ আশুগঞ্জ জেলাঃ ব্রাহ্মণবাড়িয়া।
৫. জন্ম তারিখঃ..... আবেদনের তারিখে বয়স.....
৬. শিক্ষাগত যোগ্যতাঃ.....
৭. অটোমোবাইল সার্ভিসিং বিষয়ক অভিজ্ঞতা (যদি থাকে).....
৮. মোবাইল নং..... ই-মেইল অ্যাড্রেস

অতএব মহোদয় উক্ত প্রশিক্ষণ কোর্সে আমাকে অংশগ্রহণের সুযোগ প্রদান করে বাধিত করবেন।

তারিখ.....

নিবেদক

সংযুক্তিঃ

- ১। জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।
- ২। শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত অনুলিপি।
- ৩। সত্যায়িত ১ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।